রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**আদেশ**

তারিখ: ০৫ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/ ২১ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** **AKDN কর্তৃক বিভিন্ন বর্ণনার পণ্য ও সেবা ক্রয়ের বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) মওকুফ প্রদান (০১ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত)।**

নং **১৯/মূসক/২০২৫**—যেহেতু, Aga Khan Development Network (AKDN) এবং বাংলাদেশ সরকারের মধ্যে পারস্পরিক ভাবমূর্তি উজ্জ্বল ও সম্পর্ক সুদৃঢ় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এবং

যেহেতু, AKDNএবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে সম্পাদিত প্রটোকল অনুযায়ী সরকার AKDN Representative Office ও এর অলাভজনক এজেন্সিসমূহ স্থানীয় ও আন্তর্জাতিকভাবে পণ্য/সেবা ক্রয়ের বিপরীতে আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে অঙ্গীকার করেছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে **(০১ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ হতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত)** AKDN এর সাথে সম্পাদিত প্রটোকল চুক্তির আওতায় AKDN-কে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত নিম্নবর্ণিত পণ্য/সেবার বিপরীতে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা:


**মূল্য :** টাকা ৪.০০

| **Name of the Supplier/ Service Provider** | **VAT Regd. Number** | **Work Order/ Invoice ref:** | **Name of Product** | **Invoice value** | **Rate of VAT** | **Applicable VAT amount** |
|---|---|---|---|---|---|---|
| Falcon Logistic Support System Ltd House no-382, Road no- 6, DOHS Baridhara Dhaka- 1206 | 003891054-0101 | Bill - 0028, dated: 01/04/2025 Bill - 0029, dated: 01/05/2025 Bill - 0030, dated: 01/06/2025 | Security Service bill for March, April, May 2025 | 58,500.00 | 10% | 5,850.00 |
| Bilkis Fatima Jesmin (3rd floor) 25 Park Road, Baridhara, Dhaka-1212 | | Inv No# 04, Dated:01/04/25 Inv No# 05, Dated:01/05/25 Inv No# 06, Dated:01/06/25 | Rent Residence April, May, June 2025 | 866,250.00 | 5% | 43,312.50 |
| H.K Print Solution 128 Arambagh (2nd floor), Motijheel C/A,Dhaka-1000 | 9011128568 | Bill no: 1759, Dated- 27/03/25 | Printing | 27,450.00 | 15% | 4,117.50 |
| INFOCOM LIMITED Uday Tower (9th Floor), Plot 57 and 57/A, Gulshan Avenue, Dhaka-1212 | 000479163-0505 | Inv no: 0002137, dated:01/04/25; Inv no: 0002132, dated:01/05/25; Inv no: 0002130, dated:01/06/25; | Internet service- April, May, June 2025 | 18,000.00 | 5% | 900.00 |
| Total | | | | 970,200 | | 54,180 |

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তদকর্তৃক সরবরাহকৃত পণ্যে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী**
দ্বিতীয় সচিব
(মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd